



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ১২নং তিতপল্লা ইউনিয়ন পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

ই-মেইল: titpalla.up@gmail.com



তারিখঃ

## ১২নং তিতপল্লা ইউনিয়ন পরিষদের ১ম সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব আলহাজ্ব মোঃ আজিজুর রহমান,

পদবীঃ ইউপি চেয়ারম্যান,

সভার স্থানঃ ইউপি কার্যালয়

সভার তারিখঃ ০৫/০১/২০২২ইং

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

### উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর হাজিরা বহি দ্রষ্টব্য

#### আলোচ্য বিষয়ঃ

- ০১। পারস্পারিক পরিচিতি।
- ০২। মাসিক সভার তারিখ নির্ধারণ।
- ০৩। গ্রাম আদালত পরিচালনার দিন নির্ধারণ।
- ০৪। চেয়ারম্যান প্যানেল গঠন।

#### আলোচনা ও সিদ্ধান্তঃ

অদ্য সভায় উপস্থিত সদস্যগণের সম্মতিক্রমে নব নির্বাচিত চেয়ারম্যান জনাব আলহাজ্ব মোঃ আজিজুর রহমান এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়।

অদ্যকার সভার ০১নং আলোচ্য সূচী মোতাবেক নবনির্বাচিত চেয়ারম্যান জনাব আলহাজ্ব মোঃ আজিজুর রহমান মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে তিনি নিজের পরিচয় দেন এবং একে একে সকল সদস্যগণকে পরিচয় প্রদানের অনুরোধ জানান। এরপর সকল সদস্য নিজের পরিচয় প্রদান করে পরস্পরের সাথে পরিচিতি হন।

অতঃপর ০২নং আলোচ্য সূচী মোতাবেক মাসিক সভার তারিখ নির্ধারণ বিষয়ে আলোচনা করা হইল। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মত সিদ্ধান্ত হয় যে, প্রত্যেক ইংরেজী মাসের ০৪ তারিখে ইউপি মাসিক সভা অনুষ্ঠিত হবে। নির্ধারিত তারিখে সাপ্তাহিক ও সরকারি কোন বন্ধ থাকিলে পরবর্তী কর্ম দিবসে সভা অনুষ্ঠিত হবে।

অতঃপর ০৩নং আলোচ্য সূচী মোতাবেক গ্রাম আদালত পরিচালনা করার দিন নির্ধারণ বিষয়ে আলোচনা করা হয়। উক্ত বিষয়ে আলোচনায় প্রত্যেক সপ্তাহের প্রতি বুধবার সকাল ১০.০০ ঘটিকায় গ্রাম আদালত কার্যক্রম পরিচালনা করার দিন নির্ধারণ বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকাশ থাকে যে, উক্ত দিবসে সরকারী বন্ধ থাকিলে পরবর্তী কর্ম দিবসে কার্যক্রম পরিচালিত হবে।

অতঃপর ০৪নং আলোচ্য সূচী মোতাবেক ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর বিধান অনুযায়ী প্যানেল চেয়ারম্যান, প্যানেল গঠনের বিষয়ে আলোচনা করা হয়। আইনের বিধান অনুযায়ী নির্বাচিত ইউপি সদস্যদের মধ্য হইতে ০৩ সদস্য বিশিষ্ট প্যানেল চেয়ারম্যান গঠন করিতে হইবে। যাদের মধ্যে ০১ জন হবেন সংরক্ষিত ওয়ার্ডের সদস্য। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করিয়া উপস্থিত সদস্যগণের সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত ভাবে প্যানেল চেয়ারম্যানের প্যানেল গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক্রমিক নং	নাম	পদবী	ওয়ার্ড নং	প্যানেল নং
০১	মোঃ লুৎফর রহমান	সদস্য	০৮	০১
০২	মোছাঃ আশিয়া খাতুন	সদস্য, সংরক্ষিত	০১	০২
০৩	মোঃ সবুজ মিয়া	সদস্য	০৫	০৩

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

আলহাজ্ব মোঃ আজিজুর রহমান  
আলহাজ্ব মোঃ আজিজুর রহমান  
১২নং তিতপল্লা ইউনিয়ন পরিষদ  
চেয়ারম্যান  
জামালপুর সদর, জামালপুর।